"থাকব ভালো, রাখব ভালো দেশ
বৈধ পথে প্রবাসী আয়-গড়ব বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৮৯/২, কাকরাইল, ঢাকা।
প্রশাসন শাখা
www.bmet.gov.bd

# এপ্রিল ২০২৩ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভার সভাপতি | : | জনাব মোঃ শহীদুল আলম এনডিসি (অতিরিক্ত সচিব)<br>মহাপরিচালক জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো |
| তারিখ | : | ১০/০৪/২০২৩ খ্রিঃ, সকাল ১০.০০ টা |
| সভার স্থান | : | বিএমইটি'র সম্মেলন কক্ষ |

**উপস্থিতির তালিকা : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।**

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভা শুরু করেন। প্রারম্ভিক বক্তব্যে তিনি সকলকে সততা, দক্ষতা ও নিষ্ঠার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের আহবানসহ বিএমইটি'র সকল কর্মকর্তাকে দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে পালনের আহবান জানান।

০২। বিগত মার্চ/২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হলে নিম্নরূপ সংশোধনীটি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| অনুচ্ছেদ | শাখা | সিদ্ধান্ত | সংশোধিত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৩.১ | **কর্মসংস্থান শাখার কার্যক্রমঃ** | **পে-অর্ডার সংক্রান্ত :** লাইসেন্স সংক্রান্ত বিষয়ে রিক্রুটিং এজেন্সিসমূহ যেসকল টাকা পে-অর্ডারে জমা দেন সেগুলো Invest করে লাভের টাকা ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডকে দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত হয়। | **পে-অর্ডার সংক্রান্ত :** পে-অর্ডারে যে সকল টাকা জমা হয় সে সকল টাকাগুলো একত্রিকরে এফডিআর করে রাখার পর যে লভ্যাংশ হয় সেই লভ্যাংশ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডকে দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত হয়। |

০৩। অতঃপর নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা অনুষ্ঠিত হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম নং | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১। | **প্রশাসন ও অর্থ শাখার কার্যক্রম:** | ১.১ | **APA/NIS লক্ষ্যমাত্রা অর্জন সংক্রান্ত:** বিএমইটি'র ২০২২-২৩ অর্থবছরের APA/NIS এর লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনে যে শাখার যে অংশ তা অর্জন করতে হবে। | প্রকল্প পরিচালক (সকল), পরিচালক (সকল), ফোকাল পয়েন্ট কর্মকর্তা (APA/NIS) |
| | | ১.২ | **নিয়োগবিধি সংক্রান্ত:** বিএমইটি'র নিয়োগবিধি চুড়ান্তকরণের কার্যকর পদক্ষেপ নিবেন। | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| | | ১.৩ | **২২ ডিইএমও:** ২২টি জেলায় ২২টি ডিইএমও এর অফিস পরিচালনার সিদ্ধান্ত হয়। অফিসের সাইন বোর্ড, টানানোর সিদ্ধান্ত হয়। ডিইএমওগুলোর অফিস ব্যবস্থাপনা বিষয়ে খসড়া কার্যাবলী উপস্থাপনের সিদ্ধান্ত হয়। | |
| | | ১.৪ | **বদলী সংক্রান্ত:** বিএমইটি এবং এর অধিনস্থ দপ্তরসমূহে বদলীর নীতিমালা করতে হবে। | |
| | | ১.৫ | **ACR সংক্রান্ত:** ACR এর বিষয়ে একটি কমিটি গঠন করে যথাযথভাবে সংরক্ষণের উদ্যোগ গ্রহণ করতে হবে। | |
| | **বাজেট সংক্রান্ত:** | ১.৬ | বাজেট এর অবশিষ্ট বরাদ্দগুলো বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। বিএমইটি'র সকল ফান্ডের সমন্বয়ে একটি সভা করার সিদ্ধান্ত হয়। | |
| | **আইটি শাখা:** | ১.৭ | **বিএমইটি'র সার্ভার সংক্রান্ত :** আইটি শাখায় সভা করে কার্যবিবরণী করার বিষয়ে সিদ্ধান্ত হয়। | আইটি শাখা |
| | **সাধারন সেবা :** | ১.৮ | **পুরানো গাড়ী সরানো সংক্রান্ত:** বিএমইট'র অভ্যন্তরে ১টি পুরাতন গাড়ী রয়েছে সেটি সরানোর উদ্যোগ গ্রহণ করতে হবে। | উপপরিচালক (সাধারণ সেবা) |
| ০২। | **বহির্গমন শাখার কার্যক্রমঃ** | ২.১ | বহির্গমন শাখা পৃথক সভা করে সভার গৃহীত সিদ্ধান্ত মাসিক সমন্বয় সভায় পর্যালোচনার লক্ষ্যে এজেন্ডাভূক্তকরণের সিদ্ধান্ত হয়। | পরিচালক (বহির্গমন) |
| ০৩। | **কর্মসংস্থান শাখার কার্যক্রমঃ** | ৩.১ | কর্সংস্থান শাখা পৃথক সভা করে সভার গৃহীত সিদ্ধান্ত মাসিক সমন্বয় সভায় পর্যালোচনার লক্ষ্যে এজেন্ডাভূক্তকরণের সিদ্ধান্ত হয়। | পরিচালক (কর্মসংস্থান) |
| ০৪। | **প্রশিক্ষণ শাখার কার্যক্রমঃ** | ৪.১ | **প্রশিক্ষণ বাজেট সংক্রান্ত:** প্রশিক্ষণ সংক্রান্ত বাজেটের টাকা সঠিকভাবে ব্যয় হচ্ছে কিনা এ বিষয়ে তদারকি করতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিচালক (প্রশিক্ষণ) |

| ক্রম নং | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | ৪.২ | **টিটিসি আয় সংক্রান্ত :** টিটসিতে যে আয় হয় তা চিঠি দিয়ে হিসাব নিতে হবে। | ২। পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা)<br>৩। পরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা) |
| | | ৪.৩ | প্রশিক্ষণ শাখা পৃথক সভা করে সভার গৃহীত সিদ্ধান্ত মাসিক সমন্বয় সভায় পর্যালোচনার লক্ষ্যে এজেন্ডাভূক্তকরণের সিদ্ধান্ত হয়। | |
| **০৫।** | **'৪০টি উপজেলায় ৪০টি টিটিসি ও চট্টগ্রামে ০১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন' শীর্ষক প্রকল্প** | ৫.১ | '৪০টি উপজেলায় ৪০টি টিটিসি ও চট্টগ্রামে ০১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন' শীর্ষক প্রকল্পের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | প্রকল্প পরিচালক |
| **০৬।** | **ঢাকা টেকনিক্যাল টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট (ডিটিটিটিআই) এর কার্যক্রম:** | ৬.১ | ঢাকা টেকনিক্যাল টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট (ডিটিটিটিআই) এর কার্যক্রমের অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | প্রকল্প পরিচালক |
| **০৭।** | **'দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্প':** | ৭.১ | প্রকল্পের অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | প্রকল্প পরিচালক<br>অধ্যক্ষ, টিটিসি (সকল) |
| **০৮।** | **প্রকল্পসমূহের কার্যক্রমঃ** | ৮.১ | **'উপজেলা পর্যায়ে ১০০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন' শীর্ষক প্রকল্পঃ** ৫০ টি টিটিসি'র ডিপিপি সর্বশেষ অবস্থান সম্পর্কে সভায় উপস্থাপন করতে হবে। | উপপরিচালক (প্রশিক্ষণ) জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন |
| | | ৮.২ | **'SEIP ও KOICA' এর অর্থায়নে ৩টি টিটিসি'র আধুনিকায়ন শীর্ষক কার্যক্রম:** প্রকল্পটির অধীনে কোন টিটিসিতে কি পর্যায়ের অগ্রগতি হয়েছে তার তথ্য পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | |
| | | ৮.৩ | **'৬৪টি জেলায় ৬৪টি জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস স্থাপন' শীর্ষক প্রকল্পঃ** প্রকল্পটির অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | |
| **১০।** | **সভা সংক্রান্ত:** | ১০.১ | • ডিটিটিআই, ড্রাইভিং প্রশিক্ষণ, ৪০টিটিসিসহ সকল প্রকল্পগুলো নিয়ে জনাব মোঃ সাইফুল ইসলাম চৌধুরী যুগ্মসচিব ও প্রকল্প পরিচালক **'৪০টি উপজেলায় ৪০টি টিটিসি ও চট্টগ্রামে ০১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন' শীর্ষক প্রকল্প** একটি সভা করবেন।<br>• সমন্বয় ১০০% উপস্থিতি নিশ্চিত না হওয়ায় অসন্তোষ প্রকাশ করা হয়। | ১। পরিচালক (সকল)<br>২। প্রকল্প পরিচালক (সকল)। |
| **১১।** | **ডি-নথি সংক্রান্ত:** | ১১.১ | ই-নথি থেকে ডি-নথিতে মাইগেশনের কার্যক্রম সম্পন্ন হয়েছে। ডি-নথিতে নথি ব্যবস্থাপনা কার্যক্রম জোরদার করতে হবে। | ১। পরিচালক (সকল)<br>২। প্রকল্প পরিচালক (সকল)। |

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের অনুরোধ ও উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ শহীদুল আলম এনডিসি)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৪৯৩৪৯৯২৫ (অফিস)
Email-dg@bmet.gov.bd.


স্মারক নম্বর: ৪৯.০১.০০০০.০০২.০৬.০০২.২২. ১০৪০

তারিখ: ০৭/০৪/২০২৩

**অনুলিপিঃ (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

১. অতিরিক্ত মহাপরিচালক (প্রশিক্ষণ/কর্মসংস্থান), বিএমইটি, ঢাকা।
২. প্রকল্প পরিচালক (সকল) বিএমইটি, ঢাকা।
৩. সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. পরিচালক (প্রশাসন ও অর্থ/কর্মসংস্থান/বহির্গমন/প্রশিক্ষণ পরিচালনা/প্রশিক্ষণ মান ও পরিকল্পনা) বিএমইটি, ঢাকা।

৫. অধ্যক্ষ, বিআইএমটি/ আইএমটি(সকল) ।
৬. সিস্টেম এনালিস্ট, বিএমইটি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. উর্ধ্বতন পরিসংখ্যান কর্মকর্তা (সকল), বিএমইটি, ঢাকা।
৮. উপপরিচালক (সকল), বিএমইটি, ঢাকা।
৯. অধ্যক্ষ, টিটিসি (সকল) ।
১০. সহকারী পরিচালক (সকল) , বিএমইটি, ঢাকা।
১১. পরিসংখ্যান কর্মকর্তা (সকল), বিএমইটি, ঢাকা
১২. সহকারী পরিচালক, বিভাগীয়/জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস/শিক্ষানবিসি প্রশিক্ষণ দপ্তর, ঢাকা।
১৩. সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
১৪. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫. মাস্টার নথি/২০২৩।